



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।  
[www.eedmoe.gov.bd](http://www.eedmoe.gov.bd)



স্মারক: ইইডি/বিবিধ (পাট-২)/২০-০৪

তারিখ: ১১ এপ্রিল ২০২০ খ্রি.

### অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের কোন কোন কর্মকর্তা/কর্মচারী বর্তমান পদায়নকৃত কর্মস্থল থেকে বেতন-ভাতা উত্তোলন না করে পূর্বতন কর্মস্থল থেকে বেতন-ভাতা উত্তোলন করছেন। ফলে, মাঠ পর্যায়ে কোন কোন কার্যালয়ের বেতন-ভাতা খাত শূন্য হয়ে পড়ায় কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে।

২.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নতুন সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা নিজ নিজ কার্যালয় থেকে উত্তোলন করার সুবিধার্থে বেতন-ভাতা খাতে মাঠ পর্যায়ে ০৯(নয়)টি তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় এবং ৬৫(পয়ষট্টি)টি নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩.০ এমতাবস্থায়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে নবসৃষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে বদলি/পদায়নকৃত কর্মকর্তা-কর্মচারীগণকে পূর্বতন কর্মস্থল থেকে শেষ বেতনের প্রত্যয়নপত্র (এলপিসি) গ্রহণপূর্বক বর্তমান পদায়নকৃত কর্মস্থল থেকে বেতন-ভাতা উত্তোলন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ নির্দেশনা অমান্য করা হলে উদ্ভূত পরিস্থিতিতে তাঁর দায়-দায়িত্ব তাঁকেই বহন করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষরিত/-

আসাদুজ্জামান

উপপরিচালক (প্রশাসন)

পক্ষে/-প্রধান প্রকৌশলী

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

স্মারক: ইইডি/বিবিধ (পাট-২)/২০-০৪(১০০)

তারিখ: ১১ এপ্রিল ২০২০ খ্রি.

### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়-১/২/৩,..... সার্কেল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
৩. উপপরিচালক (প্রশাসন/অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী, ডেপুটি..... প্রধান কার্যালয়,.....জেলা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রকৌশলী/সহকারী স্থপতি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়,.....জেলা।
৬. সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. উপসহকারী প্রকৌশলী/ডাফটসম্যান/হিসাবরক্ষক, প্রধান কার্যালয়,.....জেলা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
২. জনাব.....।
৩. অফিস কপি।

১১-০৪-২০২০

আসাদুজ্জামান

উপপরিচালক (প্রশাসন)

ই-মেইল: dd\_ad@eedmoe.gov.bd